Headline: Nifty launches Private Bank Index

Source: AnandaBazar Patrika Date: 06 January 2016

বেসরকারি ব্যাঙ্কের সূচক এন এস ই-র

নিজম্ব সংবাদদাতা: ব্যাদ্ধ শিল্পের জন্য নতুন একটি সূচক চালু করল ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ (এনএসই)। এই 'নিফ্টি প্রাইভেট ব্যাদ্ধ ইন্ডেক্স'-এর আওতায় দেশের প্রথম সারির ১০টি বেসরকারি ব্যাদ্ধকে রাখা হয়েছে। এনএসই-তে ইতিমধ্যেই 'নিফ্টি ব্যাদ্ধ' এবং 'নিফ্টি পিএসইউ ব্যাদ্ধ' নামে দু'টি সূচক রয়েছে। নতুনটি শুধু বেসরকারি ব্যাদ্ধ নিয়ে।

এর ফলে দেশের বেসরকারি ব্যাঙ্কিং ক্ষেত্রের হাল কেমন, সে সম্পর্কে আলাদা করে ধারণা পাবেন লগ্নিকারী। এনএসই-র কর্পোরেট কমিউনিকেশন্স কর্তা অরিন্দম সাহা বলেন, "এখন যে-দু'টি সূচক রয়েছে, তার মধ্যে নিষ্টি ব্যাঙ্ক ইন্ডেম্বে রাষ্ট্রায়ন্ত এবং বেসরকারি ব্যাঙ্ক রয়েছে। নিষ্টি পিএসইউ ব্যাঙ্কে আছে শুধু রাষ্ট্রায়ন্ত ব্যাঙ্ক। কিন্তু বেসরকারি ব্যাঙ্করে আলাদা সূচক ছিল না।"

বিএসইতে লাক্স। বম্বে স্টক এক্সচেঞ্জে মঙ্গলবার নথিভুক্ত হল রাজ্যের হোসিয়ারি সংস্থা লাক্স। গত বছর নথিভুক্ত হয় এনএসইতে। লাক্স জানিয়েছে, লগ্নি ও লেনদেনে সুবিধা দেবে এই নথিভুক্তি।